**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 28-12-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীর 'মন কি বাত: অনুষ্ঠানে বলেছেন ভারত এই বছরে জাতীয় নিরাপত্তা থেকে খেলাধুলো, বিজ্ঞান গবেষণাগার থেকে বিশ্বের সর্বোত্তম মঞ্চ - সর্বত্র জোরালো ছাপ রাখতে সমর্থ হয়েছে।

২) প্রধানমন্ত্রী বলেছেন, আজকের ভারত নিরাপত্তার বিষয়ে কোনো আপস করে না তা গোটাবিশ্ব দেখেছে। 'অপারেশন সিন্দুর' প্রত্যেক ভারতীয় কে গর্বিত করেছে বলেও প্রধানমন্ত্রী জানান।

৩) ২০২৬ সাল বিকশিত ভারত গঠনের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে দাঁড়াবে বলে প্রধানমন্ত্রী প্রত্যয় ব্যক্ত করেছেন।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে আজ সমাপ্তি দিবসে সভাপতিত্ব করছেন।

৫) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কর্ণাটকের কারওয়ার নৌঘাটিতে আইএনএস ভাগশীর সাবমেরিনে সফর করেছেন।

৬) তিরুবনন্তপুরমে মহিলাদের টি টোয়েন্টি ক্রিকেট সিরিজের চতুর্থ ম্যাচে ভারত আজ শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন ভারত এই বছরে জাতীয় নিরাপত্তা থেকে খেলাধুলো, বিজ্ঞানের গবেষণাগার থেকে বিশ্বের সর্বোত্তম মঞ্চ - সর্বত্র জোরালো ছাপ

রাখতে সমর্থ হয়েছে। আজ আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে জাতির উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী ২০২৫ সাল কে ফিরে দেখেছেন। প্রধানমন্ত্রী বলেছেন এই বছরটি ভারতবাসীকে গর্বিত হবার মত অনেক মুহূর্ত উপহার দিয়েছে। তিনি বলেছেন অপারেশন সিন্দুর প্রত্যেক ভারতীয়ের জন্য গর্বের প্রতীক হয়ে উঠেছে। তিনি আরও বলেন যে, আজকের ভারত তার নিরাপত্তার বিষয়ে কোনো আপস করে না, তা বিশ্ব স্পষ্টভাবে দেখেছে।

Byte – Sindoor

বন্দে মাতরম এর সার্ধশততম বর্ষে উদ্দীপনা ও উৎসাহ দেখানোর জন্য প্রধানমন্ত্রী জনগণের প্রশংসা করেন। তিনি জনগণকে '#VandeMataram150' হ্যাশট্যাগ ব্যবহার করে তাদের বার্তা ও পরামর্শ পাঠানোর অনুরোধ করেছিলেন এবং এই প্রচারাভিযানে দেশবাসী অংশগ্রহণ করায় তিনি আনন্দ প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী বলেন খেলাধুলোর ক্ষেত্রেও ২০২৫ সাল একটি স্মরণীয় বছর ছিল। ভারতীয় পুরুষ ক্রিকেট দল আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি জিতেছে। মহিলা ক্রিকেট দল প্রথমবারের মতো বিশ্বকাপ জিতেছে। শ্রী মোদি বলেন, ভারতের কন্যারা মহিলা দৃষ্টি প্রতিবন্ধী টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতে ইতিহাস সৃষ্টি করেছে। তিনি আরও বলেন যে, এশিয়া কাপ টি-টোয়েন্টিতেও গর্বের সঙ্গে ত্রিবর্ণ পতাকা উড়েছে। তিনি বিশ্ব চ্যাম্পিয়নশিপে একাধিক পদক জেতার জন্য প্যারা-অ্যাথলিটদেরও প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী মোদি আরও তুলে ধরেন যে, ভারত এই বছর বিজ্ঞান ও মহাকাশ গবেষণার ক্ষেত্রেও একটি বড় অগ্রগতি অর্জন করেছে। গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা প্রথম ভারতীয় হিসেবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পৌঁছেছেন। শ্রী মোদি উল্লেখ করেন যে, পরিবেশ সংরক্ষণ এবং বন্যপ্রাণী সুরক্ষা ক্ষেত্রে এই বছরটি বিশেষ হয়ে

উঠেছে। তিনি সন্তোষ প্রকাশ করে বলেন, ভারতে চিতার সংখ্যা এখন ৩০-এর বেশি হয়েছে।

তিনি বলেন, এই বছর বিশ্বাস, সংস্কৃতি এবং ভারতের অনন্য ঐতিহ্য সবকিছু একত্রিত হয়েছে। তিনি বলেন, বছরের শুরুতে প্রয়াগরাজ মহাকুম্ভ এবং বছরের শেষে অযোধ্যার রাম মন্দিরে ধ্বজারোহণ অনুষ্ঠান প্রতিটি ভারতীয়কে গর্বিত করেছে।

প্রধানমন্ত্রী বলেন স্বদেশী পণ্য ব্যবহারের ক্ষেত্রে এবছরে মানুষ অনেক বেশি উৎসাহ হয়ে উঠেছেন। ২০২৬ সাল বিকশিত ভারত গঠনের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে দাঁড়াবে বলে তিনি প্রত্যেককে আসন্ন নতুন বছরের শুভেচ্ছা জানান।

PM - Swadeshi

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে আজ বিশ্ব ভারতের দিকে অত্যন্ত আশার দৃষ্টিতে তাকিয়ে আছে আমাদের যুবশক্তির জন্য । আগামী মাসের ১২ তারিখে স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে 'জাতীয় যুব দিবস' উদযাপন করা হবে। ঐদিনেই 'ইয়ং লিডার্স ডায়ালগ' এর আয়োজন করা হবে

'স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন' নিয়ে প্রধানমন্ত্রী বলেন পড়ুয়ারা এই হ্যাকাথনে আর্থিক জালিয়াতি ও ডিজিটাল গ্রেপ্তারের মতো চ্যালেঞ্জগুলোর সমাধানে বা স্মার্ট ট্র্যাফিক ম্যানেজমেন্ট' নিয়ে আকর্ষণীয় দৃষ্টিভঙ্গি তুলে ধরেছে।

মনিপুরের বাসিন্দা মৈরাংথেম শেঠ এর কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন বিদ্যুতের ক্ষেত্রে আঞ্চলিক উদ্যোগে স্বনির্ভর হওয়ার জন্য তাঁর প্রচারের ফলে মনিপুরে তাঁর এলাকার কয়েকশো গৃহে আজ সোলার প্যানেলের মাধ্যমে সৌরশক্তিতে আলো জ্বলেছে।

প্রধানমন্ত্রী আরও জোর দিয়ে বলেন যে, ‘পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা’-এর অধীনে সরকার প্রতিটি সুবিধাপ্রাপক পরিবারকে সোলার প্যানেল স্থাপনের জন্য প্রায় ৭৫ হাজার থেকে ৮০ হাজার টাকা প্রদান করছে।

Byte – solar

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জম্মু-কাশ্মীরের বারামুলায় সম্প্রতি মানুষের তৈরি বিশাল কাঠামোর ধ্বংসাবশেষ খুঁজে পাওয়ার কথা উল্লেখ করে ফ্রান্সের একটি জাদুঘরের সংগ্রহশালায় বারামুল্লার একটি পুরোনো, অস্পষ্ট ছবি পাওয়া গেছে। সেই ছবিতে তিনটি বৌদ্ধ স্তূপ দেখা গেছে। প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করে বলেন , এভাবে কাশ্মীরের গৌরবময় অতীত উন্মোচিত হয়েছে এবং এর ইতিহাস প্রায় দু'হাজার বছর পুরোনো। তিনি বলেন, কাশ্মীরের জেহানপুরার এই বৌদ্ধ স্থাপত্য কমপ্লেক্সটি কাশ্মীরের অতীত এবং তার সমৃদ্ধ পরিচয়ের কথা মনে করিয়ে দেয়।

PM - Kashmir

আগামী মাসে দেশের ৭৭তম প্রজাতন্ত্র দিবস পালিত হবে একথা উল্লেখ করে প্রধানমন্ত্রী মোদি  স্বাধীনতা সংগ্রামী এবং সংবিধান প্রণেতাদের উদ্দেশে  কৃতজ্ঞতা জানিয়ে  বলেন, অনেক স্বাধীনতা সংগ্রামী তাদের প্রাপ্য সম্মান  আজও পাননি। এ প্রসঙ্গে তিনি ওড়িশার পার্বতী গিরির কথা উল্লেখ করেন। ২০২৬ সালের জানুয়ারিতে তাঁর জন্মশতবার্ষিকী পালিত হবে।

নিউমোনিয়া এবং ইউটিআই-এর মতো অনেক রোগে অ্যান্টিবায়োটিক  সেভাবে কাজ করছেনা বলে  ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ এর সাম্প্রতিক এক রিপোর্টের  বলা হয়েছে সেকথা উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করে প্রধানমন্ত্রী চিকিৎসকের পরামর্শেই কেবলমাত্র অ্যান্টিবায়োটিক ব্যবহার করা উচিত বলে সতর্ক করে দেন।

byte – antibiotic

----------------------

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে সভাপতিত্ব করছেন। তিন দিনব্যাপী এই সম্মেলনের সূচনা হয়েছে গত শুক্রবার। এর লক্ষ্য হলো, জাতীয় উন্নয়নে অগ্রাধিকারের বিষয়ে কাঠামোগত ও ধারাবাহিক আলোচনার মাধ্যমে কেন্দ্র-রাজ্য অংশীদারিত্বকে শক্তিশালী করা। গতকালও সম্মেলনের সভাপতিত্ব করেছেন প্রধানমন্ত্রী। সমাজ মাধ্যমের একটি বার্তায় তিনি বলেন, সম্মেলন চলা কালীন তিনি প্রশাসন ও সংস্কার মূলক বিষয় নিয়ে বিভিন্ন অন্তর্দৃষ্টি পূর্ণ আলোচনায় অংশ নিয়েছেন।

সম্মেলনের ভাবনা 'বিকশিত ভারতের জন্য মানব সম্পদ। এবারে বিশেষ জোর দেওয়া হচ্ছে: প্রারম্ভিক শৈশব শিক্ষা, বিদ্যালয় শিক্ষা, দক্ষতা উন্নয়ন, উচ্চশিক্ষা, খেলাধুলা এবং পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম।

রাজ্যগুলির নিয়ন্ত্রণ শিথিল, প্রশাসনে প্রযুক্তি, বিশ্বমানের পর্যটন কেন্দ্র, আত্মনির্ভর ভারত এবং স্বদেশী, এবং বামপন্থী চরমপন্থা-পরবর্তী ভবিষ্যতের জন্য কৌশল ইত্যাদি বিষয় নিয়ে সম্মেলনে ছয়টি বিশেষ অধিবেশন রয়েছে।সম্মেলনে সমস্ত রাজ্য ও

কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিব, ঊর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞসহ অন্যান্যরা অংশগ্রহণ করছেন।

---------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ কর্ণাটকের কারওয়ার নৌঘাটিতে আইএনএস ভাগশীর সাবমেরিনে সফর করেছেন। তার সঙ্গে ছিলেন নৌসেনা প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠী। প্রাক্তন রাষ্ট্রপতি এপিজে আব্দুল কালামের পর শ্রীমতি মুর্মু হলেন দ্বিতীয় রাষ্ট্রপতি যিনি সাবমেরিনে সফর করলেন।

---------------------

তিরুবনন্তপূরমের গ্রিনফিল্ড স্টেডিয়ামে আজ মহিলাদের চতুর্থ টি-২০ ম্যাচে ভারত , শ্রীলঙ্কার মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। পাচঁ ম্যাচের টি -২০ সিরিজে প্রথম তিনটি ম্যাচ জিতে ভারত ইতিমধ্যেই সিরিজ জয় নিশ্চিত করেছে। বিশাখাপত্তনমে প্রথম ম্যাচে ৮ উইকেটে ও দ্বিতীয় ম্যাচে ৭ উইকেটে ভারত শ্রীলঙ্কাকে পরাজিত করে। তিরুবনন্তপূরমে তৃতীয় ম্যাচে ভারত ৮ উইকেটে জয়ী হয়। সিরিজের শেষ ম্যাচ আগামী মঙ্গলবার তিরুবনন্তপুরমেই।

---------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা-সহ কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্যরা আজ প্রাক্তন অর্থমন্ত্রী অরুণ জেটলির জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন।

সামাজিক মাধ্যমের একটি পোস্টে শ্রী শাহ অরুণ জেটলিকে একজন বিশিষ্ট সাংবিধানিক, আইন বিশেষজ্ঞ এবং শ্রেষ্ঠ বক্তা হিসেবে অভিহিত করেছেন। তিনি বলেন প্রয়াত নেতা একজন সংসদ সদস্য হিসেবে তাঁর  কাজের ছাপ রেখে গেছেন, এমনকি

বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ আইনি বিষয়ে তাঁর অবদানের জন্য তাঁকে ভবিষ্যতেও স্মরণ করা হবে। তীক্ষ্ণ আইনি বিচক্ষণতার মাধ্যমে দলকে শক্তিশালী করার ক্ষেত্রে অরুণ জেটলির নিবেদিতপ্রাণ ভূমিকা আজীবন মনে রাখা হবে বলে আশা প্রকাশ করেন শ্রী শাহ।

---------------------

বিহারের শিমুলতলা স্টেশনের কাছে তেলিয়াবাজার এলাকায় সিমেন্ট বোঝাই মালগাড়ির বেশ কয়েকটি বগি লাইনচ্যুত হওয়ায় বেশ কিছু দূর পাল্লার ট্রেন বাতিল হয়েছে। কিছু লোকাল ট্রেন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হয়েছে। গতরাতে বিকট শব্দে লাইনচ্যুত হয়ে জোশিডি থেকে ঝাঝাগামী মালাগড়িটির কয়েকটি কামরা সেতুর ওপর থেকে নদীতে পড়ে যায়। বাকি বগিগুলি পাশের লাইনে উল্টে পড়েছিল। যদিও এই দুর্ঘটনার জেরে কেউ হতাহত হননি।

হাওড়া-দেরাদুন এক্সপ্রেস, শিয়ালদা বালিয়া এবং মোকামা- হাওড়া এক্সপ্রেস, জোশিডি মোকামা মেমু, কিউল-জোশিডি মেমু, দেওঘর-ঝাঝা মেমু সহ একাধিক ট্রেন বাতিল হয়েছে। টাটানগর-বক্সার, হাওড়া-নতুনদিল্লী রাজধানী, হাওড়া পাটনা বন্দেভরত এক্সপ্রেস, কলকাতা গোরখপুর পূর্বাঞ্চল, জোশিডি পুনে সাপ্তাহিক এক্সপ্রেস ইত্যাদি ট্রেনের যাত্রাপথ বদল করা হয়েছে।

--------------------- ---------------------